দামুড়হুদায় ওষুধ আইনের লঙ্ঘনে ৩ জনকে জরিমানা

জনস্বাস্থ্য সুরক্ষা এবং ওষুধ বিক্রিতে শৃঙ্খলা নিশ্চিত করতে চুয়াডাঙ্গার দামুড়হুদা সদর ও কার্পাসডাঙ্গা ইউনিয়নে মোবাইল কোর্ট পরিচালনা করেছে উপজেলা প্রশাসন।

গতকাল মঙ্গলবার পরিচালিত এ অভিযানে বিভিন্ন অনিয়মের দায়ে ৩ ব্যক্তিকে মোট ৭ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে।

উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহীন আলমের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে জেলা ঔষধ পরিদর্শক উপস্থিত থেকে সার্বিক কার্যক্রম তদারকি করেন।

অভিযান চলাকালে বিভিন্ন ফার্মেসিতে অনুমোদনবিহীন ওষুধ সংরক্ষণ, স্যাম্পল ওষুধ বিক্রি ও প্রদর্শন এবং অ্যান্টিবায়োটিক বিক্রির ক্ষেত্রে বাধ্যতামূলক রেজিস্টার সংরক্ষণ না করার মতো নানা অনিয়ম ধরা পড়ে। পরে যাচাই-বাছাই শেষে ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ অনুযায়ী সংশ্লিষ্ট ৩ ব্যক্তিকে মোট ৭ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় জেলা ঔষধ পরিদর্শক ফার্মেসি মালিকদের উদ্দেশে বলেন, সরকার নির্ধারিত নিয়ম-কানুন মেনে ওষুধ বিক্রি করতে হবে। অনুমোদনবিহীন ওষুধ বিক্রি এবং রেজিস্টারবিহীনভাবে অ্যান্টিবায়োটিক বিতরণ জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ। এ ধরনের অনিয়মের বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি সতর্ক করেন।

উপজেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, ওষুধ ব্যবসায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে ভবিষ্যতেও এ ধরনের মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। একই সঙ্গে সাধারণ জনগণকে অনুমোদিত ফার্মেসি থেকে ওষুধ ক্রয়ের মাধ্যমে সচেতন ভূমিকা পালনের আহ্বান জানানো হয়েছে।